দৈনিক সংবাদ 74

তারিখ ... 23 MAY 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৮ ...

২৬

দৈনিক সংবাদ

# ক্যাম্পাসে ফাঁকা গুলী

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মহসীন হল থেকে গতকাল মঙ্গলবার দুপুরে ২ রাউণ্ড ফাঁকা গুলী ছোড়া হয়েছে।

নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, একটি ছাত্র সংগঠনের দীর্ঘদিন ধরে বিবদমান দু' গ্রুপের মধ্যে আসন্ন ডাকসু ও হল সংসদ নির্বাচনের প্যানেল নিয়ে পুনরায় বিভেদ দেখা দিলে পরস্পরের উদ্দেশে গুলী ছোড়া হয়। গত ফেব্রুয়ারীতে ক্যাম্পাসে সন্ত্রাসী ঘটনার পর গতকালই প্রথম আবার গুলী ছোড়া হলো।